

শ্রমিকের বিবৃতি

কামরুন নাহার*

alorkona@yahoo.com

আমি চারণ ভূমিতে চরে কচি ঘাস খাব,
পাথর-বালুতে ভরাব পেটের ওয়াগন।

পৃথিবীর সব ফুল, পাখি, সাগরের মাছ,
ভরা গাঙের জলে করব চুমুকেই পান।

মজুতদারের গুদামে চালের হিমালয়,
হিমাগারে কাঁচা সবজির সুদীর্ঘ মিছিল।

পরগাছা পণ্ডিতগণ সাজানো নকশায়
জলো জিডিপির চিত্র আঁকে দুর্বোধ্য জটিল।

ভিক্ষুর বাড়ানো হাতে এক পয়সা দিয়ে
চালবাজ শোষক সমাজ লুটছে ডলার।

দুমুঠো ভিক্ষার চাল নিয়ে ফিরে যাও রাষ্ট্র,
উদরের সম্ভ্রষ্টি আমার মৌলিক অধিকার।

১২।৩।০৮

*কামরুন নাহার বাংলাদেশের রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত 'ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ' (আইবিএস)- এর একজন পিএইচডি ফেলো। তার গবেষণার বিষয়- 'বাংলাদেশে রাজনৈতিক সহিংসতা: প্রকৃতি ও কারণ'।